গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্লানিং-২
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.২৬

তারিখ: ২১ চৈত্র ১৪২৮
০৪ এপ্রিল ২০২২

বিষয়: **ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) আওতাধীন এলাকার বিদ্যুৎ বিতরণ শক্তিশালীকরণ (জিটুজি) শীর্ষক প্রকল্পের আওতায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মানের জন্য ফতুল্লা থানার পিলকুণী মৌজায় ০.৫৬ একর জমি অধিগ্রহনের নিমিত্তে অনাপত্তি পত্র প্রেরণ প্রসঙ্গে**

সূত্র: ডিপিডিসির স্মারক নং: ২৭.৮৭.০০০০.৪০৭.৬৬.০০৩.২০.২১ তারিখ: ১৭ জানুয়ারি ২০২২

যথাযথ সম্মানপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) আওতাধীন এলাকার বিদ্যুৎ বিতরণ শক্তিশালীকরণ )জিটুজি (শীর্ষক প্রকল্পের আওতায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মানের জন্য ফতুল্লা থানার পিলকুণী মৌজায় ০.৫৬ একর জমি অধিগ্রহনের নিমিত্তে অনাপত্তি পত্রের জন্য ভূমি স্থায়ী অধিগ্রহণের নিমিত্তে আবেদন করা হয়। যার মৌজা সিডিউল (মৌজা ম্যাপ, সংযুক্তি-০১) নিম্নরুপ:

| **থানা নাম** | **মৌজা নাম** | **জেএল নং** | **জমির শ্রেনী** | **শিট নং** | **আর এস দাগ নং** | **দাগে মোট জমির পরিমান (একর)** | **অধিগ্রহনের জন্য প্রস্তাবিত জমির পরিমান (একর)** |
|---|---|---|---|---|---|---|---|
| ফতুল্লা, নারায়নগঞ্জ | পিলকুণী | ৫ | নাল | ০০ | ৪৬০ | ০.৫৬ | ০.৫৬ |
| | মোট | | | | | | ০.৫৬ |

তদ্ প্রেক্ষিতে উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী ডিপিডিসি কর্তৃক প্রস্তাবিত জমিটি বর্তমানে বাউন্ডারি ওয়াল বেষ্টিত যাতে অস্থায়ী টিনশেড ঘরসহ পোল্ট্রিফার্ম ও আগাছাযুক্ত খালি জমি (আংশিক পানিতে নিমজ্জিত) রয়েছে (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০২, গুগল ম্যাপ, সংযুক্তি-৩)। Detailed Area Plan (DAP) এর Database অনুযায়ী জমিটির প্রস্তাবিত ব্যবহার Administrative Zone এবং Proposed Road Network (DAP ম্যাপ, সংযুক্ত-০৪)। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক প্রস্তাবিত প্রকল্প এলাকার ড্যাপ ম্যাপে দেখা যায়, প্রস্তাবিত জমি আরবান রেসিডেন্সিয়াল এরিয়া, প্রস্তাবিত রোড নেটওয়ার্ক ও ওয়াটার রিটেনশন এরিয়া হিসাবে চিহ্নিত। ড্যাপে ওয়াটার রিটেনশন এরিয়ায় Utility Line এর Landuse permission দেয়া আছে। প্রস্তাবিত জমিতে ১৮.২৫ মি. চওড়া রাস্তার জমি সংরক্ষনের শর্ত সাপেক্ষে রাজউক হতে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০২৫.২০.১৭, তারিখ: ১০/০১/২০২২) (রাজউক এর অনাপত্তি পত্র, সংযুক্তি-০৫)।
এমতাবস্থায়, “চায়না G to G ঋণ সহায়তায় ডিপিডিসির আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মানের লক্ষ্যে প্রস্তাবিত দাগে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন থাকায় এবং পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ০.৫৬ (শূণ্য দশমিক পাঁচ ছয়) একর জমি অধিগ্রহনে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

**শর্তসমূহঃ**

১। রাজউক কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র অনুসরণ করতে হবে।

২। প্রস্তাবিত ওয়াটার রিটেনশন এরিয়া (বর্তমান রাস্তার সমান্তরালে হতে ১৩.৫৫ ফুট জায়গা) সংরক্ষন করতে হবে (DMDP Structure Plan Policy RS/5) এবং রিটেনশন এরিয়ায় Utility Line ব্যতীত অন্য কোন স্থায়ী স্থাপনা নির্মান করা যাবে না।

৩। উক্ত এলাকায় প্রস্তাবিত স্থাপনা নির্মানকালে পানিপ্রবাহ অক্ষুন্ন রাখতে হবে এবং জলাধার আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

৪। প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহনের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরন করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি নারায়নগঞ্জ জেলায় ডিপিডিসি কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহনের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

<u>সংযুক্তিঃ</u>

০১. প্রকল্পের স্থান চিহ্নিতপূর্বক মৌজা ম্যাপ। (3716/potrojariAttachmentRef/12597/0/3383),
০২. পরিদর্শন প্রতিবেদন। (3719/potrojariAttachmentRef/12597/0/3383),
০৩. প্রকল্পের স্থান চিহ্নিতপূর্বক গুগল ম্যাপ। (3721/potrojariAttachmentRef/12597/0/3383),
০৪. প্রকল্পের স্থান চিহ্নিতপূর্বক Detailed Area Plan (DAP) অনুযায়ী জমিটির প্রস্তাবিত ব্যবহার। (3724/potrojariAttachmentRef/12597/0/3383),
০৫. রাজউক এর অনাপত্তি পত্র। (3726/potrojariAttachmentRef/12597/0/3383),



৪-৪-২০২২
উদয় শংকর দাস
সিনিয়র প্ল্যানার

মোঃ আসাদুজ্জামান , কোম্পানি সেক্রেটারি বিদ্যুৎ জ্বালানি ও খনিজ
সম্পদ বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ঢাকা পাওয়ার
ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন-১,
আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.২৬/১(৭)

তারিখ: ২১ চৈত্র ১৪২৮
০৪ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
৪) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
৫) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
৬) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



৪-৪-২০২২
জাকিয়া সুলতানা
প্ল্যানার